# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 22 May, 2025

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য হত্যা মামলার তদন্তে গাফিলতির প্রতিবাদ এবং হত্যাকাণ্ডে জড়িত মূল ঘাতকসহ সব আসামিকে গ্রেপ্তার, সুষ্ঠু বিচারে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত ও নিরাপদ ক্যাম্পাসের দাবিতে শাহবাগ মোড় অবরোধ করে বিক্ষোভ করেছেন ছাত্রদল। রাজধানীর গুরুত্বপূর্ণ এ স্থান অবরোধের কারণে শাহবাগ ও এর আশেপাশের এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। গণপরিবহনে যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে বলে জানিয়েছেন যাত্রীরা। অনেককে গণপরিবহন থেকে নেমে হেঁটে গন্তব্যের উদ্দেশে যেতেও দেখা গেছে।

বৃহস্পতিবার (২২ মে) সকাল সাড়ে ৯টায় ছাত্রদল নেতাকর্মীরা শাহবাগে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করে।

সরজমিন দেখা যায়, ছাত্রদল নেতাকর্মীরা বিভিন্ন ইউনিট অনুযায়ী খণ্ড খণ্ড হয়ে ভাগ হয়ে বিক্ষোভ করতে থাকে।এসময় তারা, “ আমার ভাই কবরে, খুনি কেন বাহিরে; আমার ভাইয়ের রক্ত, বৃথা যেতে দেবো না; সাম্য ভাইয়ের রক্ত, বৃথা যেতে দেবো না; বিচার বিচার বিচার চাই, সাম্য হত্যার বিচার চাই; অবিলম্বে করতে হবে ইত্যাদি স্লোগান দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন ঢাকা পোস্টকে বলেন, সাম্য হত্যার বিচার ও নিরাপদ ক্যাম্পাসের দাবিতে কেন্দ্রীয় ছাত্রদল, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়সহ ঢাকার বিভিন্ন কলেজ ইউনিটের ছাত্রদলের বিভিন্ন পর্যায়ে নেতাকর্মীরা বিক্ষোভে অংশ নিয়েছেন।বিকাল ৫টা পর্যন্ত

চলবে ছাত্রদলের শাহবাগে অবস্থান করে বিক্ষোভ কর্মসূচি।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতা গাফিলতি প্রতিবাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: https://www.timestodaybd.com/national/2815549609